সংবাদ

তারিখ ..02 JUN 2015...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৫...

উচ্চ আদালতের রায়

# মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের গভর্নিং বডির নির্বাচন স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

উচ্চ আদালতের রায়ের আলোকে রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির নির্বাচন স্থগিত করেছে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ। ডোনার ক্যাটাগরির সদস্যদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা সংক্রান্ত উচ্চ আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে নির্বাচন : পৃষ্ঠা : ২ ক : ৫

## নির্বাচন : স্থগিত

(১৬ পৃষ্ঠার পর)

আগামী ৫ জুনের গভর্নিং বডি নির্বাচন স্থগিত করে সে অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে জেলা প্রশাসনকে চিঠি দিয়েছে।

আগামী ৫ জুন গভর্নিং বডির নির্বাচন হওয়ার কথা ছিল।

এদিকে শিক্ষকরা জানান, গভর্নিং বডির নির্বাচন ও স্কুলে অবৈধভাবে ভর্তির জন্য একটি সংঘবদ্ধ চক্রের হুমকিকে কেন্দ্র করে অস্থিরতা ছড়িয়ে পড়েছে স্কুলটিতে। অবৈধভাবে ছাত্রছাত্রী ভর্তির জন্য গত কয়েকদিন ধরে আওয়ামী লীগ-বিএনপি ও জামায়াত নেতাদের একটি চক্র অব্যাহত হুমকি দিয়ে আসছে, যাতে ক্ষতিগ্রস্ত হচ্ছে শিক্ষা কার্যক্রম। আতঙ্ক ছড়িয়ে পড়েছে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে।

কয়েকদিন ধরে বহিরাগত কিছু সন্ত্রাসী দল বেঁধে এলাকায় মহড়া দিচ্ছে। কলেজে সন্ত্রাসীদের মতো হানা দিচ্ছে। শিক্ষকদের ভয়ভীতি দেখাচ্ছে। তালিকা দিয়ে সে অনুসারে ভর্তির জন্য আল্টিমেটামও দিচ্ছে ওই চক্র। তাদের একজন যুবলীগ নেতা রিয়াজুল হক মিল্কি হত্যা মামলার আসামি। এদের মধ্যে যুবলীগ, বিএনপি ও জামায়াতের লোকজনও আছে। ভর্তি বাণিজ্যের জন্য তারা এক হয়ে কাজ করছে।

প্রত্যক্ষদর্শী শিক্ষকরা জানান, গত সপ্তাহে প্রায় ৩০ জন নেতাকর্মী শিক্ষকের কক্ষে প্রবেশ করে একটি তালিকা দিয়ে তাদের ভর্তি করতে বলে। কিন্তু শিক্ষক বিষয়টি নাকচ করলে তারা অকথ্য ভাষায় গালাগাল শুরু করে। একপর্যায়ে তারা জোর করে ভর্তির তালিকাটি ওই শিক্ষকের কাছে দিয়ে বলে, প্রধান শিক্ষককে বলবেন এই তালিকার সবাইকে ভর্তি করাতে। নতুবা খারাপ কিছু ঘটবে বলে হুমকি দিয়ে চলে যায়। শিক্ষকরা প্রতিবাদ করলে কয়েকজন শিক্ষককে লাঞ্ছিত করে স্থানীয় নেতারা।

সাধারণ অভিভাবকরা অবৈধ ভর্তি বাণিজ্যের প্রতিবাদ জানিয়ে বলেন, তারা চায় গভর্নিং বডি যেন কোন অপরাধীর কাছে মাতানত না করে। যদি অপরাধীদের কথা অনুসারে অনিয়ম হয় তাহলে অভিভাবকরা লাগাতার আন্দোলনে যাবেন। এখন অবৈধ ভর্তি ও নির্বাচনকে কেন্দ্র করে একটি প্রতিষ্ঠান সংঘাতের অপচেষ্টা করছে।

নির্বাচন স্থগিত : জানা গেছে, অভিভাবকদের রিট পিটিশনের রায়ের পরিপ্রেক্ষিতে নির্বাচন স্থগিতের সিদ্ধান্ত নিয়েছে গভর্নিং বডি। সে অনুসারে ব্যবস্থা নিতে রিটার্নিং প্রিজাইডিং অফিসারকে চিঠি দেয়া হয়েছে। চিঠিতে বলা হয়েছে, হাইকোর্টের রিটের রায়ে মোতালেব ভূইয়া, আবুল কালাম আজাদ, খন্দকার মাহবুব আহমেদ, মোজাম্মেল হক, নাছির হোসেন ও কাজী শহিদুজ্জামানকে ডোনার শ্রেণীর ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয়া হয়েছে। সে অনুসারে গভর্নিং বডি তাদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আইনজীবীদের মতামত অনুসারে কোন ব্যক্তি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হলে তিনি প্রার্থিতা দাবি করতে পারেন। ইতিমধ্যে তাদের দুইজন প্রার্থী মনোনয়নপত্র চেয়ে আবেদন করেছেন। এ অবস্থায় তাদেরকে বাদ দিয়ে নির্বাচন হলে তা বৈধ হবে না। এর প্রেক্ষিতে গভর্নিং বডি নির্বাচনের তফসিল স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে। তবে চিঠি পাওয়ার পরও এখন পর্যন্ত জেলা প্রশাসন কার্যালয় সে অনুসারে কোন ব্যবস্থা না নেয়ায় প্রতিষ্ঠানটিতে অস্থিরতা কাটছে না।